

এক্সিম/প্রকা/ফাউন্ডেশন/২২ /১২০৪২
১৫ জুন ২০২২

প্রধান সহকারী ব্যবস্থাপনা
২৩/৬/২২
অধ্যক্ষ
আবহাতি সরকারি কর্মসংস্থান
খুলনা।

অধ্যক্ষ
সরকারি আয়ম খান কর্মসংস্থান
খুলনা

বিষয়: বৃত্তি নবায়নের জন্য সুপারিশ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,
আসসালামু আলাইকুম,

এক্সিম ব্যাংক ২০০৬ সাল থেকে বাংলাদেশের বিভিন্ন খ্যাতিনামা শিক্ষা প্রতিষ্ঠানের মেধাবী অথচ আর্থিকভাবে অসচ্ছল ছাত্র-ছাত্রীদেরকে এক্সিম ব্যাংক বৃত্তি প্রকল্পের আওতায় বাৎসরিক ভিত্তিতে বৃত্তি প্রদান করে আসছে। এ প্রকল্পের আওতায় আনীত ছাত্র-ছাত্রীরা তাদের যোগ্যতা বজায় থাকা সাপেক্ষে শিক্ষা-জীবন সমাপন পর্যন্ত বৃত্তি সুবিধা পেতে থাকবেন। তবে প্রতি বছর বৃত্তি নবায়নের প্রাক্কালে তাদের শিক্ষাগত অগ্রগতি মূল্যায়ন করা হয় এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা বিভাগীয় প্রধানের সুপারিশ গ্রহণ করা হয়। আপনার বিভাগ/প্রতিষ্ঠানের নিম্নবর্ণিত শিক্ষার্থী/শিক্ষার্থীদের চলতি বছরের জন্য বৃত্তি নবায়ন প্রয়োজনঃ

ক্র/নং	রেজি/নং	নাম	পূর্ববর্তী বছরের শ্রেণী	ফোন
১	৩১৯৫	শেখ মোঃ ইয়াসিন	এইচ এস সি উত্তীর্ণ	০১৯২৫-৪২৩২৮৫

আপনার বিবেচনায় উপর্যুক্ত শিক্ষার্থী/শিক্ষার্থীরা এ বছরও বৃত্তির জন্য যোগ্য বিবেচিত হলে, তাদের সর্বশেষ বার্ষিক পরীক্ষা/সেমিস্টার পরীক্ষার উন্নয়ন প্রতিবেদন/নম্বর পত্রের প্রতিলিপি সংযুক্ত করে পত্র-সঙ্গে প্রেরিত ফর্মের নির্ধারিত স্থানে সীল ও স্বাক্ষর সংযুক্ত করে এ বছর বৃত্তির জন্য সুপারিশ করতে অনুরোধ করা হচ্ছে। আপনার বিবেচনায় উপর্যুক্ত শিক্ষার্থী/শিক্ষার্থীগণের কেউ বৃত্তির জন্য অনুপযুক্ত প্রতীয়মান হলে অনুগ্রহপূর্বক কারণ উল্লেখ করে পত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, উপর্যুক্ত শিক্ষার্থীরা অন্য প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অনুরূপ কোনো বৃত্তি সুবিধা ভোগ করলে এক্সিম ব্যাংকের বৃত্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

এক্সিম ব্যাংক বৃত্তির জন্য আবেদন ফর্মসমূহ যথাযথভাবে পূরণ করে আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে সিনিয়র এসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট, এক্সিম ব্যাংক ফাউন্ডেশন, এক্সিম ব্যাংক প্রধান কার্যালয়, ইউনিট-২, প্লট নং-এস(ই)এইচ-২ রোড নং-১৪২, গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা-এই ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

ধন্যবাদান্তে,
আপনার বিশ্বস্ত,

মোঃ মঞ্জুরুল আলম
সিনিয়র এসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট

এক্সিম ব্যাংক ফাউন্ডেশনঃ ৫৫০৪৫৬২১ এক্সঃ ১৭০, মোবাইল নং-০১৭৫৫৫২০০৫৪



Export Import Bank of Bangladesh Limited
Shariah Based Islami Bank

ফর্ম-খ
(পুরাতন প্রার্থীদের জন্য)

এক্সিম ব্যাংক বৃত্তির জন্য আবেদন

রেজিঃ নং

বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান
প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক
সত্যায়িত এক কপি
পাসপোর্ট সাইজের ছবি

- ১। ছাত্র/ছাত্রীর নাম : বাংলায় :
: ইংরেজিতে :
২। পিতার নাম :
৩। জন্ম তারিখ :
৪। বর্তমান ঠিকানা :
৫। স্থায়ী ঠিকানা :

- ৬। জরুরি যোগাযোগের জন্য : ফোন নম্বর : মোবাইল নম্বর :
ই-মেইল :

৭। ছাত্র/ছাত্রীর বর্তমান শিক্ষান্তরের বিবরণঃ

(ক) প্রতিষ্ঠানের নাম :

(খ) সেশন :

(গ) বিভাগ/বিষয় :

(ঘ) বর্ষ/শ্রেণী :

(ঙ) ক্রমিক নং :

আমার দ্বারা প্রদত্ত এই ফর্মের সকল তথ্য আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য এবং কোনো বিষয় অসত্য প্রমাণিত হলে বৃত্তির টাকা ফেরত দিতে বাধ্য থাকব।

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর ও তারিখ

অভিভাবকের সম্মতিসূচক স্বাক্ষর ও তারিখ

বর্তমানে অধ্যয়নরত শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের মন্তব্যঃ

স্বাক্ষর, তারিখ ও সিলমোহরঃ

আবেদন পত্রের সাথে বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বা বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবেঃ

(ক) পূর্ববর্তী বর্ষ/শ্রেণী থেকে বর্তমান বর্ষ/শ্রেণীতে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হওয়ার প্রমাণ হিসাবে নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট।

(খ) বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রশংসাপত্র।
